ঢাকা ওয়াসা

(১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
(২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
(৩) টেকনিক্যাল স্পেসিফিকেশন।
(৪) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
(৫) আলোচ্য কাজের প্রাক্কলন।
(৬) প্রতিবেদন।

Name of the work: Supply of monitor, computer, hard disk, SSD, toner, mouse, key board, USB hub and necessary accessories for PSTP.

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীন ও ঢাকা শহরের প্রধান ৪টি ট্রাঙ্ক মেইন পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন অর্থাৎ মড্স জোন-১, ২,৩, ৫, ৬ এর আওতাধীন ১৭ টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। অত্র বিভাগের দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য ই-নথি, ই-জিপি, অনলাইন মিটিং, অনলাইন স্টোর সিস্টেম, ল্যাব রিপোর্ট তৈরী, প্লান্ট সম্পর্কিত তথ্যাদি প্রজেক্টরের মাধ্যমে প্রেজেন্টেশন সহ টাইপিং এর মাধ্যমে কম্পিউটারে প্রচুর কাজ করতে হয়। অত্র বিভাগটি ঢাকা শহর হতে দূরে অবস্থিত বিধায় আধুনিক অনেক সুযোগ-সুবিধা হতে বঞ্চিত। এখানে প্রায়শই লোডশেডিং হয়। ঘন ঘন লোডশেডিং এর জন্য ডেস্কটপ কম্পিউটারে কাজে বিঘ্ন ঘটে। বর্তমানে দাপ্তরিক কাজ নিরবিচ্ছিন্নভাবে করার জন্য দুটি ল্যাপটপ ও আনুসঙ্গিক কিছু কম্পিউটার এক্সেসরিজ সংগ্রহ করা প্রয়োজন।

১.১। সেই লক্ষ্যে ঢাকা ওয়াসা রেট পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of monitor, computer, hard disk, SSD, toner, mouse, key board, USB hub and necessary accessories for PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪,৯৮,৭০০.০০ (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের **"কম্পিউটার ক্রয়" (কোড ০২-০১-০১৭)** খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার **সিরিয়াল নং-37; প্যাকেজ নং- RG15** এ অন্তর্ভূক্ত করা হয়েছে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) ধারা অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

-০২-

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of monitor, computer, hard disk, SSD, toner, mouse, key board, USB hub and necessary accessories for PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১(১) ধারা অনুসারে **Open Tendering Method (OTM)** এ দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৪,৯৮,৭০০.০০ (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত) টাকা প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের **"কম্পিউটার ক্রয়"** (কোড ০২-০১-০১৭) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়:শোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

১৩/০৫/২৫ SDE

মোঃ মামুনুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

EE

13.05.2025

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

13/5/25

মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

ইস্যু নং ১২৫/পয়ঃ শোঃ
তারিখ ১৩/০৫/২৫

SE(WSTPC)

সদয় অনুমোদিত।

13/5/2025

(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

XEN (PSTP)

১.৫। দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

SDE.

13/5/25

ঢাকা ওয়াসা

১.৬। **Supply of monitor, computer, hard disk, SSD, toner, mouse, key board, USB hub and necessary accessories for PSTP** কাজের দরপত্র আহবানের নোটিশ ও ঢাকা ওয়াসার ওয়েব সাইডে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরাবর চিঠি প্রস্তুত করা হ'ল। সবিনয় স্বাক্ষর করা যেতে পারে।

SDE 20/05/25 20.5.2025 E/E 20/5/25

(০৭) কাজের দরপত্র আহবানের নোটিশ

(০৮) আলোচ্য কাজের দরপত্র বিজ্ঞপ্তি ঢাকা ওয়াসার ওয়েব সাইডে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরাবর প্রেরিত চিঠি।

(০৯) ওয়েভ সাইডে প্রকাশের কপি।

১.৭। **Supply of monitor, computer, hard disk, SSD, toner, mouse, key board, USB hub and necessary accessories for PSTP** কাজের টেন্ডার ডকুমেন্টস বিভিন্ন ব্যাংকে প্রেরণের জন্য চিঠি প্রস্তুত করা হ'ল। সবিনয় স্বাক্ষর করা যেতে পারে।

SDE 25/05/25 25.5.2025 E/E 25/5/25

(১০) টেন্ডার ডকুমেন্টস এর রিসিভ কপি।

অনুচ্ছেদ ১.৮। অদ্য ০৪/০৬/২০২৫ইং তারিখে **Supply of monitor, computer, hard disk, SSD, toner, mouse,key board, USB hub and necessary accessories for PSTP** কাজে মোট ০৪(চার) টি দরপত্র পাওয়া গিয়েছে। প্রাপ্তদরপত্রগুলোর বিবরণ নিম্নে উল্লেখ করা হ'ল:

ক্রমিক নং	ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম	উদ্বৃত দর
১।	**M/s. Tuba Construction**	**4,96,000.00**
২।	**M/s. Al-Arabi Enterprise**	**5,17,000.00**
৩।	**M/s. Al-Wasi Enterprise**	**5,01,800.00**
৪।	**Unitrust Protection Services**	**4,93,500.00**

04.06.2025

Member Secretary, TOC-1

Chairperson TOC-1

4/6/25

(১১) দরপত্র উন্মুক্তকরন কমিটি (TOC) কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৯। আলোচ্য কাজে প্রাপ্ত ০৪ **(চার)** টি দরপত্র **TOC** কর্তৃক উন্মুক্ত করা হয় এবং প্রাপ্ত তথ্যাদি ডাটাশীটে লিপিবদ্ধ করতঃ ক্রমিক নং-১১ এ উপস্থাপন করা হয়। দরপত্র মূল্যায়নের জন্য **TEC-1** বরাবর প্রেরন করা যেতে পারে।

04.6.2025

Chairperson TOC-1

4/6/25

TEC-1

04.06.025

ঢাকা ওয়াসা

(১২) দরপত্র মূল্যায়ন কমিটি (TEC1) এর সভা আহবানের চিঠি।
(১৩) দরপত্র মূল্যায়ন কমিটি (TEC1) কর্তৃক দাখিলকৃত মূল্যায়ন প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১০। ঢাকা ওয়াসার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগরে অধীনে **"Supply of monitor, computer, hard disk, SSD, toner, mouse, key board, USB hub and necessary accessories for PSTP."** কাজটির দরপত্র (দরপত্র নং- 46.113.433.00.00.066.25-02 **তারিখঃ** ২০/০৫/২০২৫ ইং) গত ০৪/০৬/২০২৫ ইং তারিখে সংশ্লিষ্ট দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক উন্মুক্ত করা হয় (ক্রমিক-১১ দ্রঃ)। আলোচ্য কাজে প্রাপ্ত ০৪ **(চার)** টি দরপত্রের মধ্যে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-1) কর্তৃক **M/S Unitrust Protection Services** যার উদ্ধৃত দর টাঃ ৪,৯৩,৫০০.০০ **(চার লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত)** টাকার দরপত্রটি সর্বনিম্ন রেসপন্সিভ দরপত্র হিসাবে মূল্যায়িত হয়েছে।

অনুচ্ছেদ ১.১১। এমতাবস্থায়, দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-1) এর সুপারিশ মতে **M/S Unitrust Protection Services**, এর **টাঃ** ৪,৯৩,৫০০.০০ **(চার লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত)** টাকার দরপত্রটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

[signature] 17.06.2025
এস.এম তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী (অঃ দাঃ)
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা।

A.O.

১.১১ — অনুমোদিত।

[signature] 17/06/25

XEN (PSTP)

১.১৩। পরবর্তী ব্যবস্থা নিন।

SAE (Mamun)

[signature] 17/6/25

অনুচ্ছেদ : ১.১৪

অনুচ্ছেদ ১.১৩ এর নির্দেশ অনুযায়ী অত্র কাজের অনুকূলে Notification of Award (NOA) তৈরী করতঃ স্বাক্ষরের জন্য সদয় পেশ করা হল।

SDE 18.6.2025 E/B 18/6/25

(১৪) স্মারক নং-৪৬.১১৩.৪৩৩.০০.০০.০৬৬.২৫-০২তারিখঃ১৮/০৬/২০২৫ইং, Notification of Award (NOA)

(১৫) স্মারক নং নাই, তারিরখ ঃ ২২/০৬/২০২৫ইং, পারফরমেন্স সিকিউরিটি জমা করণ প্রসঙ্গে। ইউনিট্রাস্ট প্রোটেকশন সার্ভিসেস হতে প্রাপ্ত।

অনুচ্ছেদ : ১.১৫

আলোচ্য কাজটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে ঠিকাদারের অনুকূলে NOA ইস্যু করা হয় (সংযুক্তি-১৪)। যা ঠিকাদার কর্তৃক গৃহীত হয়েছে। তাছাড়া ঠিকাদার কর্তৃক আলোচ্য কাজের অনুকূলে Performance Security হিসাবে টাঃ ৫০,০০০.০০ (পঁঞ্চাশ হাজার) টাকা মাত্র পে-অর্ডার দাখিল করেছেন (সংযুক্তি-১৫)। দখিলকৃত পে-অর্ডারটি সঠিক আছে। তাই ঠিকাদারের সাথে আলোচ্য কাজের চুক্তি সম্পাদন করা যেতে পারে। এতদপ্রেক্ষিতে চুক্তি সম্পাদনের লক্ষ্যে চুক্তিপত্র তৈরী করে সবিনয়ে উপস্থাপন করা হ'ল।

SDE 22.6.2025 EE 22/6/25

(১৬) স্মারক নং- ৪৬.১১৩.৪৩৩.০০.০০.০৬৬.২৫-০২ তারিখ ২২/০৬/২০২৫ইং।

Contract Agreement (Form PW2-4)

অনুচ্ছেদ : ১.১৬

আলোচ্য কাজের জন্য ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে (সংযুক্তি-১৬)। তাই কাজ শুরু করার জন্য ঠিকাদারকে কার্যাদেশ দেয়া যেতে পারে। এতদপ্রেক্ষিতে কার্যাদেশ পত্র তৈরী করে সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হ'ল।

SDE 22.06.2025 EE 22/6/25